



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ী, কুমিল্লা

স্মারক নং- কু.বি./রেজি./নিয়োগ বিজ্ঞাপন-৪৪৬/২০১২/১১৩৯১

তারিখ: ১৮/১০/২০১৬ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	পদ, পদ সংখ্যা ও বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	ড্রাইভার-০১ (৯৭০০-২৩৪৯০/-)	প্রার্থীকে কমপক্ষে ৮ম শ্রেণী পাস ও অবশ্যই বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। হাইওয়েতে হেভি গাড়ি (বাস/ট্রাক) চালানোর কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ প্রার্থীকে সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। পি.এস. ডি লাইসেন্সধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। বয়স: সর্বোচ্চ ৩৫ বছর। তবে মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ০২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
০২	অফিস সহকারী কাম ডাটা প্রসেসর-০৩ (৯৩০০-২২৪৯০/-)	প্রার্থীকে কোন বীকৃতপ্রাপ্ত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। বাংলা ও ইংরেজিতে কম্পিউটার টাইপিং-এ যথাক্রমে প্রতিমিনিটে কমপক্ষে ৩০ ও ৪০ শব্দের গতি থাকতে হবে। সর্ক্রেস্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়স: সর্বোচ্চ ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ৩২ বছর।
০৩	বাস হেলপার-০২ (৮৮০০-২১৩১০/-)	প্রার্থীকে কমপক্ষে ৮ম শ্রেণী পাস এবং সরকারী/স্বায়ত্বশাসিত বা খ্যাতনামা কোন প্রতিষ্ঠানে বাস হেলপার হিসাবে কমপক্ষে ০৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: সর্বোচ্চ ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ৩২ বছর।
০৪	নিরাপত্তা প্রহরী-০২ (৮২৫০-২০০১০/-)	প্রার্থীকে অষ্টম শ্রেণী পাস এবং সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। সর্ক্রেস্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়স: সর্বোচ্চ ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ৩২ বছর।
০৫	ক্রিনার-০১ (৮২৫০-২০০১০/-)	প্রার্থীকে অষ্টম শ্রেণী পাস এবং সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। প্রার্থীকে হাউজ ক্রিনিং/পরিষ্কার পরিচ্ছন্ন-কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। বয়স: সর্বোচ্চ ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ৩২ বছর।

### শর্তাবলী:

- পূর্ণ জীবন বৃত্তান্ত সহকারে সাদা কাগজে লিখিত আবেদনপত্র 'রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কোটবাড়ী, কুমিল্লা' বরাবর আগামী ০৩/১১/২০১৬খ্রি. তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌঁছাতে হবে।
- (ক) প্রার্থীদেরকে ০৫ (পাঁচ) সেট আবেদনপত্র (সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ) জমা দিতে হবে।  
(খ) সকল পরীক্ষার সনদপত্র, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ (যদি থাকে বা প্রয়োজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র, অন্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।  
(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।  
(ঘ) প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সর্ফলিত ১০ (দশ) টাকার ডাকটিকিট সমেত ফেরত খাম অবশ্যই সংযুক্ত করতে হবে।
- প্রার্থীদেরকে রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বরাবর, জনতা ব্যাংক লিমিটেড, কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা, কোটবাড়ী, কুমিল্লা এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে ০১ নং ও ০২ নং পদের জন্য ৩০০/-টাকা এবং ০৩ নং থেকে ০৫ নং পদের জন্য ২০০/-টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। সংশ্লিষ্ট পদে উল্লিখিত অধিকার কম টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের জন্য আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।
- চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যা/প্রতিবন্ধী এবং উপজাতি/আদিবাসী প্রার্থীদেরকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যাদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা/পিতামহ/মাতামহ অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- আবেদনের শেষ তারিখ বয়স নির্ধারণের সময়সীমা হিসেবে বিবেচিত হবে।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থীত পদের নাম এবং মুক্তিযোদ্ধা প্রার্থী, মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যা/প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে প্রয়োজ্য অংশটি খামের উপরে স্পষ্ট করে লিখতে হবে।
- প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আভ্যন্তরীণ/অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে যে কোন ০১ (এক) টি শর্ত শিথিলযোগ্য বলে বিবেচিত হতে পারে।
- অত্র বিশ্ববিদ্যালয়ে অস্থায়ী/মাস্টাররোলে নিয়োজিতদের অগ্রাধিকার দেয়া হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন, পদের সংখ্যা বাড়ানো/কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

(মো: মজিবুর রহমান মজুমদার)

রেজিস্ট্রার

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।